

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**

**খোলার দাবী**

(চট্টগ্রাম অফিস)

সংগ্রামী ছাত্রঐক্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গতকাল (শনিবার) এক বিবৃতিতে অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহ্বান জানায়। বিবৃতিতে বলা হয় অযৌক্তিকভাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ রাখিয়া ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনকে অনিশ্চয়তার দিকে ঠেলিয়া দেওয়া হইতেছে। বিবৃতিতে রমজানের ছুটি বাতিল দাবী করিয়া বলা হয়, সন্ত্রাসী ও দনীতির হোতাদের উৎখাতের মাধ্যমেই বিশ্ববিদ্যালয়ের বর্তমান সংকট নিরাসন এবং শিক্ষার শান্তিপূর্ণ স্ফূর্ট পরিবেশ রক্ষা করা সম্ভব।

**শিবিরের স্মারকলিপি পেশ**

শিবির নেতা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এম.এস.সি শেষবর্ষের ছাত্র শেখ ফিরোজ মাহমুদের খুন্দীদের শান্তি এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবীতে ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম মহানগরী ও বিশ্ববিদ্যালয় শাখার পক্ষ হইতে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করা হয়।